

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.২৭.০২৮.২৪.২৪৭

তারিখ: ৩০ জুলাই, ২০২৪


বিষয়: ব্যাখ্যা তলব।

সূত্র: নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.২৭.০২৮.২৪.১৪৪৪ তারিখ: ১৪ জুলাই, ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনি জনাব আসমা পারভীন, এআরডিও (সাময়িক বরখাস্ত) ইরেসপো কর্মসূচি'র আওতায় ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলায় কর্মকালীন আপনার নিয়ন্ত্রণাধীন মাঠ সংগঠকের সাথে যোগসাজস করে নানাবিধ অনিয়ম এর সঙ্গে সম্পৃক্ত থাকায় আপনাকে সূত্রোক্ত স্মারকে সাময়িক বরখাস্ত করত: ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলায় সংযুক্ত করা হয়। আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ নিম্নরূপ:

১. মাঠ সংগঠকের সাথে যোগসাজস করে আড়পাড়া উত্তর পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতিতে ৫.০০ লক্ষ টাকা, আড়পাড়া মাদ্রাসা পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতিতে ৭.২৫ লক্ষ টাকা ও আড়পাড়া মাঠ পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতিতে ১৮.০৩ লক্ষ টাকা অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরন;
২. অদক্ষতা, অসতর্কতা ও দায়িত্ব অবহেলার কারণে উপজেলায় বিপুল পরিমাণে ঋণ মেয়াদোত্তীর্ণ ও কিস্তি খেলাপীতে পরিণত হয়েছে ;
৩. কর্মসূচি'র ঋণ পরিচালন নীতিমালা এবং সদর কার্যালয় হতে প্রদত্ত নির্দেশনা লঙ্ঘন করে মাঠ সংগঠকের সাথে যোগসাজস করে কিস্তিতে ঋণ আদায়ের উদ্যোগ না নিয়ে উদ্দেশ্যমূলকভাবে এককালীন ঋণের টাকা উত্তোলন;
৪. সদর কার্যালয় হতে বিভিন্ন সময়ে প্রদত্ত নির্দেশনা লঙ্ঘন করে একই সমিতির মধ্যে ৫/৭ জনের উপদল তৈরী করে ঋণ আদায় ও বিতরন;
৫. মাঠ সংগঠকের সাথে যোগসাজস করে সমিতির সদস্যদের কাছ থেকে সঞ্চয় ও ঋণের কিস্তি আদায় করে হস্তমজুদ করে রেখে পরবর্তীতে ২/৩টি জমা ভাউচারের মাধ্যমে ব্যাংকে জমাকরণ;
৬. সদস্যদের নিকট হতে কিস্তি আদায় না করে বছর শেষে সদস্যদের সমুদয় টাকা মহাজন/নিজে চড়া সুদের বিনিময়ে সদস্যদের নামে ঋণ পরিশোধ দেখিয়ে পুনরায় ঋণ বিতরন করে কর্তৃকৃত টাকা উত্তোলন।

এমতাবস্থায়, উপজেলা পর্যায়ে প্রকল্পের দায়িত্বশীল পদে কর্মরত থেকে বর্ণিত অনিয়মের সঙ্গে সম্পৃক্ত থাকায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি ব্যাহত হওয়াসহ নীতিমালা বহির্ভূত কার্যকলাপের বিষয়টি দায়িত্ব পালনে অবহেলা, অদক্ষতা, গাফেলতি, অযোগ্যতা ও কর্তৃপক্ষের নির্দেশ পালনে ব্যর্থতার জন্য কেন আপনাকে কর্মসূচি'র চুক্তি ভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার ব্যাখ্যা আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোন: ০২৪১০১০৩৪১

ইমেইল: pdiresppw@gmail.com

জনাব আসমা পারভীন


সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত),
ইরেসপো, বিআরডিবি, মহেশপুর, ঝিনাইদহ

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.২৭.০২৮.২৪.২৪৭

তারিখ: ৩০ জুলাই, ২০২৪

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ঝিনাইদহ।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: কালিগঞ্জ/মহেশপুর জেলা: ঝিনাইদহ।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী।
৬. অফিস নথি।


শামীম আক্তার
সহকারী পরিচালক